

অর্থনৈতিক অঞ্চলে সার্ভিস চার্জ বিষয়ে প্রকাশিত অসত্য সংবাদের প্রতিবাদ

গত ২৮/১০/২০২০ইং তারিখে দৈনিক কালেরকণ্ঠ, বাংলাদেশ প্রতিদিন, ডেইলি সান ও ২৩/১০/২০২০ইং তারিখে ডেইলি স্টার পত্রিকায় অর্থনৈতিক অঞ্চলে সার্ভিস চার্জ শিরোনামে সংবাদ প্রকাশিত হয়। উক্ত সংবাদে যে সকল তথ্য উপস্থাপন করা হয়েছে তা সম্পূর্ণ অসত্য, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত। সংবাদে উল্লেখ করা হয় যে, বেজা বিনিয়োগকারীদের অঙ্ককারে রেখে হঠাৎ বিভিন্ন পরিষেবায় ৫% সার্ভিস চার্জ আরোপ করেছে যা সম্পূর্ণভাবে অসত্য। মিরসরাই ও ফেনী অর্থনৈতিক অঞ্চলসহ অন্যান্য অর্থনৈতিক অঞ্চলে জমি বরাদ্দের লক্ষ্যে ইস্যুকৃত Prospectus এ জমির ইজারা মূল্যের সাথে বিভিন্ন পরিষেবাসহ অন্যান্য সেবার ওপর আদায়কৃত সার্ভিস চার্জের হার ও বিবরণ সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে <http://www.beza.gov.bd/wp-content/uploads/2020/07/Prospectus-for-Allotment-of-Land-in-Mirsarai-Feni-Economic-Zone.pdf> পৃষ্ঠা-০৬) এবং সার্ভিস চার্জসহ অন্যান্য বিষয়ে অবগত হয়েই বিনিয়োগকারীগণ অর্থনৈতিক অঞ্চলে জমি বরাদ্দ গ্রহণ করেছেন/করেন। তাছাড়া জমি বরাদ্দপ্রাপ্ত বিনিয়োগকারীদের সাথে বেজার সম্পাদিত Land Lease Agreement এর ৮ নং অনুচ্ছেদে পরিষেবার ক্ষেত্রে সার্ভিস চার্জ প্রদানের বিষয়ে সুস্পষ্ট উল্লেখ রয়েছে। উল্লেখ্য যে, অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠায় সরকার বিপুল অর্থ ব্যয়ে সড়ক ও অবকাঠামো নির্মাণ এবং বিনিয়োগকারীদের পরিষেবা সংযোগ সুবিধা প্রদান করে থাকে। বেজা পরিষেবার জন্য মাত্র ৫% সার্ভিস চার্জ নিলেও তা পার্শ্ববর্তী দেশসমূহ ও বিশ্বের অন্যান্য উন্নয়নশীল দেশের তুলনায় অনেক ক্ষেত্রে কম। তাছাড়া বেজা কর্তৃক জমির যে মূল্য নির্ধারণ করা হয়েছে তা বাংলাদেশের অনুরূপ অন্যান্য সংস্থা এবং পার্শ্ববর্তী দেশসমূহের তুলনায় অত্যন্ত কম এবং অনেক ক্ষেত্রেই ২৫-৩০% মাত্র।

সংবাদে আরও বলা হয় “চাপিয়ে দেওয়া হয়েছে লিজ নেওয়া জমির ওপর ১৫% ভ্যাট” যা মোটেই সঠিক নয়। ভ্যাট আরোপের বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডের এখতিয়ারভুক্ত। তবে বেজা এ বিষয়ে বিনিয়োগকারীদের স্বার্থে ভ্যাট প্রত্যাহারের জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ করে আসছে।

সরকার দেশব্যাপি ১০০টি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ এবং পর্যায়ক্রমে অর্থনৈতিক অঞ্চলের মধ্যে সকল শিল্প স্থাপনের পরিকল্পনা বাস্তবায়ন করছে। প্রকাশিত অসত্য এবং বিভ্রান্তিকর সংবাদ দেশে শিল্প স্থাপনের বিরাজমান চমৎকার পরিবেশ বিঘ্নিত করতে পারে। শিল্পায়ন ও কর্মসংস্থান বৃদ্ধি এবং বিনিয়োগবান্ধব পরিবেশ সমুন্নত রাখতে বেজা সর্বদা সচেষ্ট।



বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)
প্রধানমন্ত্রীর কার্যালয়